

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর  
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ১লা ডিসেম্বর, ২০১৮

পৌর সংস্থাগুলোর উপনির্বাচনে বিরোধী দলের প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেয়ার ক্ষেত্রে উপযুক্ত নিরাপত্তা দেয়া হবে বলে রাজ্য নির্বাচন কমিশনার এবং রাজ্য পুলিশের মহানির্দেশক প্রতিশ্রুতি দিলেও আজ জিরানীয়া নগর পঞ্চায়েতের এবং রানীরবাজার পুর পরিষদে সি পি আই (এম) প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিতে যাওয়ার পথে সশস্ত্র বি জে পি কর্মী-সমর্থকরা প্রার্থীদের গাড়িগুলো আক্রমণ করে ভাঙচুর করে। সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলীর সদস্য মানিক দে এবং রাধাচরণ দেববর্মার গাড়ি আক্রান্ত হয়। ঘটনার সময় সি আর পি এফ এবং টি এস আর বাহিনী সদস্যরা উপস্থিত ছিলেন, কিন্তু তারা আক্রমণকারীদের প্রতিরোধ করার বা বাধা দেয়ার কোন চেষ্টা করেন নি। দুর্বৃত্তরা ৪টি গাড়ি ভাঙচুর করে। বামফ্রন্টের সি পি আই (এম) প্রার্থীরা মনোনয়ন জমা দিতে পারেন নি। আজ মনোনয়নপত্র জমা দেয়ার সময় বি জে পি বাধা দেবে বলে পুলিশের উচ্চ কর্তৃপক্ষকে আগেই জানানো হয়েছিল।

আগরতলা পুর কর্পোরেশনের ৪ নম্বর আসনে সি পি আই (এম) প্রার্থী জয়া দেব মনোনয়নপত্র জমা দেয়ার পর বি জে পি কর্মীরা তাঁর বাড়ি গিয়ে স্বামী ও পরিবারের অন্যান্য সদস্যদের প্রার্থীপদ তুলে নিতে হুমকি দেয়।

খোয়াইয়ে মনোনয়নপত্র সংগ্রহ করতে গেলে বি জে পি কর্মীরা সি পি আই (এম) নেতাদের আক্রমণের চেষ্টা করে। কমলপুর-তেলিয়ামুড়ায় সন্ত্রাস, ভয়-ভীতি প্রদর্শন অব্যাহত আছে।

বিলোনীয়া ও শান্তিরবাজারে বামফ্রন্ট প্রার্থীদের বাড়ী-ঘর আক্রমণ করে ভাঙচুর করা হয়েছে।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী জিরানীয়া মহকুমায় পার্টি নেতৃত্ব সহ প্রার্থীদের গাড়ি আক্রমণ, অন্যান্য স্থানে হামলা ও ভীতি প্রদর্শনের তীব্র নিন্দা ও প্রতিবাদ করছে। রাজ্য নির্বাচন কমিশন এবং আরক্ষা কর্তৃপক্ষকে সুষ্ঠু, অবাধ ও ভয়মুক্ত নির্বাচনের পরিবেশ সৃষ্টি করতে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছে।

*সি পি আই (এম)*

সি পি আই (এম)

রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।